

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৯০৬

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (১ ত্রান্)

পরিচ্ছেদঃ ৯. প্রথম অনুচ্ছেদ - দেউলিয়া (দারিদ্র্য) হওয়া এবং ঋণীকে অবকাশ দান

بَابُ الْإِفْلَاسِ وَالْإِنْظَارِ

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ رَجُلًا تَقَاضَى رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَأَغْلَظَ لَهُ فَهَمَّ أَصنْحَابُهُ فَقَالَ: «دَعُوهُ فَإِنَّ لِصَاحِبِ الْحَقِّ مَقَالًا وَاشْتَرُوا لَهُ بَعِيرًا فَأَعْطُوهُ إِيَّاهُ» قَالُوا: لَا نَجِدُ إِلَّا أَفْضَلَ مِنْ سِبِّهِ قَالَ: «اشْتَرُوهُ فَأَعْطُوهُ إِيَّاهُ فَإِنَّ خَيْرَكُمْ أحسنكم قَضَاء»

বাংলা

২৯০৬-[৮] আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, এক লোক রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট কঠোরতার সাথে প্রাপ্যের তাগাদা করল; এতে সাহাবীগণ তার ওপর ক্ষিপ্ত হয়ে উঠলেন। তিনি (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম) সাহাবীগণকে বললেন, তাকে কিছু বলো না। কেননা পাওনাদার কঠোরতা প্রয়োগের অধিকার রাখে। তার প্রাপ্য পরিশোধের জন্য একটি উট কিনে তাকে দিয়ে দাও। সাহাবীগণ বললেন, তার প্রাপ্য বড় উট ছাড়া পাওয়া যাচ্ছে না। তিনি (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম) বললেন, বড়টিই ক্রয় করে তাকে দিয়ে দাও। তোমাদের মধ্যে ঐ ব্যক্তি উত্তম, যে অন্যের প্রাপ্য পরিশোধে উত্তম হয়। (বুখারী ও মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : বুখারী ২৩০৬, মুসলিম ১৬০১, তিরমিয়ী ১৩১৭, ইবনু মাজাহ ২৪২৩, আহমাদ ৯৩৯০, সহীহ আত্ তারগীব ১৭৫২।

ব্যাখ্যা

ব্যাখ্যা: আলোচ্য হাদীস দু'টি থেকে প্রতীয়মান হয় যে, অন্যের কাছ থেকে কর্জে হাসানাহ্ ও ঋণ গ্রহণ বৈধ। নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম প্রয়োজনীয় কর্জ নিতেন এবং তিনি আল্লাহ তা'আলার কাছে ঋণ থেকে আশ্রয় কামনা করতেন। আর এখানে এটাও প্রমাণিত হয় যে, প্রাণীর ক্ষেত্রেও বাকী বিক্রি বৈধ। তার হুকুম হলো, কর্জ বা হাওলাদের অনুরূপ হুকুম।



যার ওপর ঋণ রয়েছে সেটা হাওলাদ কিংবা অন্য যে কোনো বিষয়ে হোক, তা পরিশোধের সময় কিছু বৃদ্ধি দেয়া মুস্তাহাব আর এটাই সুন্নাত ও উত্তম আদর্শের অন্তর্ভুক্ত। তবে কখনই এটি ঋণের সাথে চলমান থাকবে না, কারণ এটি নিষিদ্ধ। কেননা কর্জ বা ঋণের চুক্তির সময় যা শর্তারোপ করা হয় তা নিষিদ্ধ এবং এটাই সুদ। তবে ঋণ পরিশোধের সময় সন্তষ্টচিত্তে ঋণদাতাকে কিছু বর্ধিত মাল বা অন্য কিছু প্রদান করা মুস্তাহাব। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন